# রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

## জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) একটি জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (MRA) হতে সনদপ্রাপ্ত (সনদ নম্বার ০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭). বর্তমানে সমগ্র বাংলাদেশে সংস্থার বিভিন্ন কর্ম এলাকার কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | **জেনারেল ম্যানেজার (জি.এম)-অডিট**<br>পদ সংখ্যা-১ টি<br>**বেতনঃ** মূল বেতন ৫৫,৭০০/-<br>সর্বসাকুল্যে ১,৪০,৬৮০/- | সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং-এ মাষ্টার্স/এম.বি.এ (মেজর-একাউন্টিং) ডিগ্রীধারী, CA ইন্টারমিডেয়েট পাশ/ সম্পন্নকারীকে অগ্রাধীকার দেয়া হবে। | ঋণ পরিচালনাকারী বেসরকারি উন্নয়ন সংস্থায় অভ্যন্তরীণ নিরীক্ষা কাজে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ১২০০ থেকে ১৫০০ কোটি টাকা ঋণস্থিতি এবং ৪০০ এর অধিক শাখা রয়েছে এমন ক্ষুদ্র ঋণ বাস্তবায়নকারী প্রতিষ্ঠানে প্রধান নিরীক্ষক হিসাবে ২০ থেকে ২৫ জন নিরীক্ষকের নেতৃত্ব দেওয়ার কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশের ক্ষুদ্রঋণ বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহের জন্য প্রযোজ্য এম.আর.এ বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকতে হবে এবং পিকেএসএফ সহ অর্থায়নকারী প্রতিষ্ঠানের নিয়মকানুন ও (IAS & BFRS) প্রতিপালনীয় বিষয় সম্পর্কে জ্ঞান থাকতে হবে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, ঝুঁকি নিয়ন্ত্রণ এবং ক্ষুদ্রঋণ এর সফটওয়্যার ভিত্তিক হিসাব ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা থাকতে হবে। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ২ | **ম্যানেজার-অডিট**<br>পদ সংখ্যা-১০ টি<br>**বেতনঃ** মূল বেতন ২৬,৩০০/-<br>সর্বসাকুল্যে ৬৭,১২০/- | সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং-এ মাষ্টার্স/এম.বি.এ ডিগ্রীধারী (মেজর- একাউন্টিং), CA ইন্টারমিডেয়েট পাশ/ সম্পন্নকারীকে অগ্রাধীকার দেয়া হবে। | জাতীয় পর্যায়ে ক্ষুদ্রঋণ সংস্থায় সংশ্লিষ্ট বিভাগে কমপক্ষে ৫ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে এবং বর্তমানে কর্মরত থাকতে হবে। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৩ | **অফিসার-অডিট**<br>পদ সংখ্যা-২০ টি<br>**বেতনঃ** মূল বেতন ২১,০০০/-<br>সর্বসাকুল্যে ৫২,৪০০/- | সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ফিন্যান্স -এ মাষ্টার্স/এম.বি.এ ডিগ্রীধারীকে অগ্রাধীকার দেয়া হবে। | জাতীয় পর্যায়ে ক্ষুদ্রঋণ সংস্থায় সংশ্লিষ্ট বিভাগে কমপক্ষে ৩ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে এবং বর্তমানে কর্মরত থাকতে হবে। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |

**শর্তাবলীঃ**

১। আবেদনকারীদের বাংলাদেশের যে কোন স্থানে সংস্থার কর্ম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।

২। উপরোক্ত পদের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির শিক্ষানবীশকাল শেষে কর্মমূল্যায়নের ভিত্তিতে চাকুরী স্থায়ীকরন করা হবে এবং সংস্থার নিতীমালা অনুসারে সকল সুযোগ সুবিধা যেমন: ২টি উৎসব ভাতা, জীবন যাত্রার ব্যয় ভাতা, বৈশাখী ভাতা, কমিউনিকেশন ভাতা (মোবাইল ও ইন্টারনেট), প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, কর্মী কল্যান তহবিল নীতিমালা অনুযায়ী নিজ ও পরিবারের সদস্যদের চিকিৎসা খরচ, ইত্যাদি সুযোগ সুবিধা প্রযোজ্য হবে।

শুধুমাত্র আগ্রহী যোগ্য প্রার্থীদেরকে আগামী **১৭/০৬/২০২৫** খ্রীষ্টাব্দ তারিখের মধ্যে **পরিচালক, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)** বরাবর দরখাস্ত (যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বরসহ) পূর্ণ জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা ও চাকুরির অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের পরিচ্ছন্ন ছবি (সংযুক্ত করে) সংস্থার **"মানব সম্পদ বিভাগ, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), বাড়ী-৮৮/এ, সড়ক-৭/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯"**-এ ঠিকানায় প্রেরন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য জীবন বৃত্তান্তে ক্ষুদ্র ঋন কর্মসূচিতে অভিজ্ঞতার বিস্তারিত তথ্য থাকতে হবে। **নিয়োগ বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইট www.ric-bd.org এবং www.bdjobs.com এ পাওয়া যাবে।** শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য ডাকা হবে। **খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।**

***বিশেষ দ্রষ্টব্যঃ নিয়োগ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই, সেক্ষেত্রে বিকাশ/রকেট/নগদ মোবইল ব্যাকিং বা কোন মাধ্যমে করো সাথে আর্থিক লেনদেন না করার জন্য সংশ্লিস্ট চাকুরী প্রার্থীকে পরামর্শ প্রদান করা হলো।***